দৈনিক
আমাদের সময়

তারিখ ... 10 SEP 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

এইচএসসি পুনঃনিরীক্ষণের ফল

# ঢাকায় জিপিএ-৫ পেল আরও ১১৫ জন

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা শিক্ষা বোর্ডের অধীন ২০১৬ সালের এইচএসসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়েছে গতকাল বিকালে। এতে নতুন করে ঢাকা বোর্ডের ১১৫ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এ নিয়ে এই বোর্ডে মোট জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা দাঁড়াল ২৮ হাজার ২২৫ জনে। প্রথমে এই বোর্ডে জিপিএ-৫ পেয়েছিল ২৮ হাজার ১১০ জন।

ঢাকা শিক্ষা বোর্ডের জ্যেষ্ঠ সিস্টেম অ্যানালিস্ট মঞ্জুরুল কবীর জানান, মোট ৪২ হাজার ১৫১ প্রার্থী ১ লাখ ২৬ হাজার ৩৪২টি পত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছিল। এর মধ্যে অনুত্তীর্ণ থেকে উত্তীর্ণ হয়েছে ২০৪ জন। আর নতুন করে জিপিএ-৫ পেয়েছে ১১৫ জন। এ ছাড়া গ্রেড (ফল) পরিবর্তন হয়েছে ১ হাজার নয়জনের।

উল্লেখ্য, গত ১৮ আগস্ট এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছিল। এরপর পুনঃনিরীক্ষণের আবেদন নেওয়া হয়।